যুগান্তর

০৯/০৯/২০০১

তারিখ ২০..................
পৃষ্ঠা ......... কলাম .........

# বিভিন্ন স্থানে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

যুগান্তর ডেস্ক

শনিবার দেশের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়। এ উপলক্ষে বিভিন্ন স্থানে র‍্যালি ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর :

**নবীনগর** : নবীনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে শিশু-কিশোরদের বর্ণাঢ্য র‍্যালি এবং উপজেলা পরিষদ মিলনায়তনে ইউএনওর সভাপতিত্বে আলোচনা সভা, হোপ-এর অফিস প্রাঙ্গণে মহিলা সমাবেশ, প্রশিকা কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

**নোয়াখালী** : নোয়াখালী জেলা প্রশাসনের উদ্যোগে নোয়াখালী শহরে সকাল ৯টায় এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়। ১১টায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে 'আর্থ সামাজিক উন্নয়নে অব্যাহত শিক্ষার ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিদ্যুত দত্ত বর্মন। আলোচনা করেন যুগান্তর, প্রতিনিধি মনিরুজ্জামান চৌধুরী, জেলা শিক্ষা অফিসার কাজী সলিম উল্যা, আইনজীবী সমিতির সভাপতি আবুল খায়ের অ্যাডভোকেট, পিটিআই তত্ত্বাবধায়ক নূরুল ইসলাম ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মনসুর রাজা চৌধুরী।

**ঢাকা আহ্ছানিয়া মিশন** : আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে শনিবার ঢাকা আহ্ছানিয়া মিশনের উদ্যোগে মিশন মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মিশনের সভাপতি আলহাজ মুনসেফ আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনা সভায় বক্তব্য রাখেন কর্মসূচি বিভাগের পরিচালক এম এহছানুর রহমান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের পরিচালক সাদেকুর রহমান, গবেষণা, পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগের পরিচালক প্রফেসর ড. আহমদুল্যাহ মিয়া, কর্মসূচি বিভাগের কনসালটেন্ট মোহাম্মদ আসাদুজ্জামান প্রমুখ।

সবার জন্য শিক্ষা অর্জনের লক্ষ্যে গত বছরের এপ্রিল মাসে সেনেগালের রাজধানী ডাকার-এ যে কর্মকাঠামো প্রণীত হয় তার আলোকে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নে করণীয় সম্পর্কে বক্তারা বিশদ আলোচনা করেন। উল্লেখ্য যে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বয়স্ক শিক্ষা সপ্তাহ উপলক্ষে সরকারি পর্যায়ে কেন্দ্রীয়ভাবে আয়োজিত সাক্ষরতা মেলা, র‍্যালি ও অন্যান্য কর্মসূচিতেও ঢাকা আহ্ছানিয়া মিশন অংশগ্রহণ করে।

**ফরিদগঞ্জ (চাঁদপুর)** : বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের কয়েক সহস্রাধিক শিশু-কিশোরের উপস্থিতিতে মিছিল ও সমাবেশের মধ্য দিয়ে সারাদেশের মতো ফরিদগঞ্জে দিবসটি পালিত হয়। ইউএনও জসিম উদ্দিন বাদলের নেতৃত্বে বর্ণাঢ্য মিছিলটি ফরিদগঞ্জের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। পরে উপজেলা পরিষদ চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।